



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৪৯/ ১০৭০৮

তারিখঃ ২২/১১/২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৪৯/২৩৮৭; তারিখঃ ১৬/০২/২০১৭ খ্রিঃ  
২) স্মারক নং- ০৫.৮৬৯.০১৮.০০.০৭১.২০১৬-৩০; তারিখঃ ১৬/০১/২০১৭খ্রিঃ  
৩) নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৪৯/২১৩৪; তারিখঃ ০৭/১১/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার কাউখালী উপজেলাধীন আর, এস, ডি, এম দাখিল মাদরাসার সুপার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন করেন। অপরদিকে জনৈক হাফেজ মোঃ তাজুল ইসলাম কর্তৃক জনাব রুস্তম আলী সরদার ফৌজদারী মামলা আসামী হওয়া সত্ত্বেও অবৈধভাবে ম্যানেজিং কমিটির প্রতিষ্ঠাতা সদস্য হওয়া, বিদ্যমান বিধি বিধান লঙ্ঘন করে সভাপতি নির্বাচনসহ ম্যানেজিং কমিটি গঠন সঠিক না হওয়ার বিষয়ে অভিযোগপত্র দাখিল করা হয় (কপি সংযুক্ত)।

পরবর্তীতে উপরিলিখিত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, পিরোজপুরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, পিরোজপুর তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ২নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব রুস্তম আলী সরদার মাদরাসার প্রতিষ্ঠাতা সদস্য হওয়ার শর্তসমূহ পূরণ সংক্রান্ত কোন কাগজপত্র প্রদর্শন করতে পারেন নাই বিধায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ মোতাবেক তিনি উক্ত মাদরাসার প্রতিষ্ঠাতা সদস্য হতে পারেন না মর্মে প্রতীয়মান হয় (কপি সংযুক্ত)।

এছাড়া মাদরাসার সুপার কর্তৃক দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৮(১) অনুযায়ী সকল সদস্যের নির্বাচন সম্পন্ন হওয়ার সাত দিনের মধ্যে সভাপতি নির্বাচন সংক্রান্ত সভা আহবান না করায় এবং প্রবিধান-৮(২) অনুসারে নির্বাচন পরিচালনাকারী প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে সভাপতি নির্বাচন না করায় দাখিলকৃত কমিটি অনুমোদন দেয়া গেল না এবং প্রতিবেদনে প্রাপ্ত তথ্য অনুযায়ী জনাব রুস্তম আলী সরদার ম্যানেজিং কমিটির প্রতিষ্ঠাতা সদস্য হতে পারবেন না মর্মে সংশ্লিষ্ট সকলকে সূত্র ১নং স্মারকে জানিয়ে দেয়া হয় ((কপি সংযুক্ত)।

জনাব মোঃ রুস্তম আলী সরদার পুনরায় একটি আবেদন দাখিল করেছেন। আবেদনে তিনি তদন্ত প্রতিবেদনের উপর নারাজী দিয়েছেন এবং তদন্তটি উদ্দেশ্য প্রণোদিত মর্মে দাবী করেছেন। যে রেজুলেশনে তাঁর প্রতিষ্ঠাতা হিসেবে নাম আছে সেই রেজুলেশন খাতাটি সুপার সুকৌশলে গোপন করে রেখেছেন মর্মে উল্লেখ করে উচ্চতর তদন্তের জন্য অনুরোধ জানিয়েছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উল্লিখিত অভিযোগসহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক .....(.....) পাতা।

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
চেয়ারম্যান (কটন দায়িত্বপ্রাপ্ত)

ও রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জেলা প্রশাসক, পিরোজপুর।

নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৪৯/ ১০৭০৮

তারিখঃ ২২/১১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, পিরোজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৩. সুপার, আর, এস, ডি, এম দাখিল মাদরাসা, কাউখালী, পিরোজপুর।
৪. জনাব মোঃ রুস্তম আলী সরদার, পিতা- এনায়েত হোসেন সরদার  
গ্রাম- মেঘপাল, পোঃ ধাবড়ী, কাউখালী, পিরোজপুর (প্রতিষ্ঠাতা দাবীদার)।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪